দৈনিক বাংলা

58

তারিখ 09 NOV 1987
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 7 ...

# শহরের সব কলেজ ভার্সিটি শনিবার পর্যন্ত বন্ধ

সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে যে ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা মেডিক্যাল কলেজ, স্যার সলিমুল্লাহ মেডিক্যাল কলেজ ও ঢাকায় অবস্থিত অন্যান্য সকল কলেজ ৮ই নবেম্বর থেকে ১৪ই নবেম্বর পর্যন্ত বন্ধ থাকবে।

বিশ্ববিদ্যালয় ও কলেজসমূহের বিভিন্ন আবাসিক হল ও ছাত্রাবাসে অবস্থানরত সকল ছাত্রছাত্রীকে ৮ই নবেম্বর বিকেল ৫টার মধ্যে আবাসিক হল ও ছাত্রাবাস ত্যাগ করার নির্দেশ দেয়া হয়েছে। খবর তথ্য বিবরণীর।

## ভার্সিটি বন্ধের আদেশ তুলে নেয়ার আহ্বান

( স্টাফ রিপোর্টার )

ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট বিশ্ববিদ্যালয়ের আবাসিক ছাত্রদের হল ত্যাগের আদেশ প্রত্যাহার করার জন্যে সরকারের প্রতি আহ্বান জানিয়েছে।

গতকাল বিকেলে অনুষ্ঠিত সিন্ডিকেটের এক জরুরী সভায় এ আহ্বান জানানো হয়। সভার সিদ্ধান্তে বলা হয়, বর্তমানে ঢাকা থেকে বাইরে যাওয়ার যানবাহনের অসুবিধার কারণে ছাত্রদের হল ত্যাগের নির্দেশ বাস্তবায়ন সম্ভব হচ্ছে না। হল ত্যাগকারী ছাত্রছাত্রীরা যানবাহনের অভাবে পুনরায় হলে ফিরে এসেছে। সর্ব-

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## আহ্বান

(১ম পৃঃ পর)

স্তরের ছাত্র নেতৃবৃন্দ এবং ছাত্রদের হলে শান্তি-শৃংখলা বজায় রাখার অঙ্গীকার প্রদান করার কথা উল্লেখ করে সিদ্ধান্তে আবাসিক ছাত্রদের হল ত্যাগের আদেশ প্রত্যাহার করার জন্যে অনুরোধ জানান হয়।

সন্ধ্যায় ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান তার বাসভবনে সাংবাদিকদের বলেন যে সিন্ডিকেটের আহ্বানে সরকার সাড়া দেবেন বলে তারা আশা করছেন। ক্লাস ও পরীক্ষা হবে কিনা এ প্রশ্নের জবাবে তিনি বলেন, সিন্ডিকেট শুধুমাত্র ছাত্রদের হল ত্যাগের আদেশ প্রত্যাহারের আবেদন জানিয়েছে।

গতকাল বিশ্ববিদ্যালয়ে কোন ক্লাস হয়নি। অধিকাংশ আবাসিক ছাত্রছাত্রী হল ছেড়ে চলে গেছে বলে হল সূত্রে জানা যাচ্ছে।

### ছাত্রদের বিক্ষোভ

শনিবার রাতে ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধ ও ছাত্রদের হল ত্যাগ সংক্রান্ত নির্দেশের খবর প্রচারিত হওয়ার পর পরই বিভিন্ন হল থেকে আবাসিক ছাত্ররা বিক্ষোভ মিছিল বের করে।

গতকাল সকালে বিশ্ববিদ্যালয় বন্ধ এবং ছাত্রদের হল ত্যাগের আদেশ প্রত্যাহারের দাবীতে ছাত্র সংগ্রাম পরিষদের উভয় অংশ ও সংগ্রামী ছাত্র জোট ভিসির বাসভবনের সামনে এক জমায়েতে মিলিত হয়। এতে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর কে এ এম সাদউদ্দীন এবং ছাত্রনেতা আসাদুজ্জামান রিপন, মুশতাক হোসেন, সুলতান মোহাম্মদ মনসুর আহমদ প্রমুখ বক্তৃতা করেন।

### বিভিন্ন সংগঠনের প্রতিবাদ

বেগম খালেদা জিয়া বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণায় ক্ষোভ প্রকাশ করেছেন।

শেখ হাসিনা এক বিবৃতিতে বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসন অক্ষুণ্ণ রাখার জন্য কর্তৃপক্ষ ও শিক্ষকদের প্রতি আহ্বান জানান।